২৬ সেপ্টেম্বর, ২০২৬

# ফ্যাসিবাদী শক্তির উত্থান ঠেকাতে জাতীয় ঐক্যের আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

দেশে ভবিষ্যতে কোনো ফ্যাসিবাদী বা স্বৈরাচারী শক্তি যাতে আবার মাথাচাড়া দিয়ে উঠতে না পারে, সে জন্য জাতীয় ঐক্য গড়ে তোলার আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

শনিবার (২৬ সেপ্টেম্বর) রাজধানীর ধোলাইখালে দেশব্যাপী নৈরাজ্য ও অপচেষ্টার প্রতিবাদে বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের আয়োজিত সমাবেশে তিনি এ কথা বলেন।

সালাহউদ্দিন আহমদ বলেন, দেশে যারা গণহত্যা চালিয়েছে, তাদের ক্ষমা করা হবে না। প্রত্যেকের বিচার হবে। ফ্যাসিবাদী শক্তিকে বাংলাদেশের মাটিতে আর রাজনীতি করার সুযোগ দেওয়া হবে না।

তিনি বলেন, সংবিধান সংস্কারের প্রক্রিয়ায় অংশ নেওয়ার আহ্বান জানানো হলেও কেউ কেউ রাজপথে লং মার্চের কর্মসূচি বেছে নিয়েছেন। সরকারের ছয় মাসের মধ্যেই এমন আন্দোলন করার যৌক্তিকতা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

জ্বালানি তেলের দাম বাড়ানোর প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আন্তর্জাতিক বাজারে দাম বেড়ে যাওয়ায় সীমিত পরিসরে দেশে জ্বালানির দাম সমন্বয় করা হয়েছে। এতে জনগণের সাময়িক দুর্ভোগের জন্য দুঃখ প্রকাশ করে তিনি বলেন, আন্তর্জাতিক বাজারে দাম কমলে বাংলাদেশেও সেই অনুপাতে জ্বালানি তেলের দাম কমানো হবে।

গণতন্ত্র, স্বাধীনতা ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় ফ্যাসিবাদবিরোধী ঐক্য ধরে রাখার পাশাপাশি গণতান্ত্রিক আন্দোলন চালিয়ে যাওয়ার কথাও বলেন স্বরাষ্ট্রমন্ত্রী।